

বীরপুরুষ

লেকচার -১ (৩. ১০.২০)




বীরপুরুষ

রবীন্দ্রনাথ ঠাকুর

মনে করো, যেন বিদেশ ঘুরে  
মাকে নিয়ে যাচ্ছি অনেক দূরে।  
তুমি যাচ্ছ পালকিতে মা চড়ে  
দরজা দুটো একটুকু ঝাঁক করে,  
আমি যাচ্ছি রাজা ঘোড়ার 'পরে  
টলুবিগিয়ে তোমার পাশে পাশে।  
রাস্তা থেকে ঘোড়ার খুরে খুরে  
রাজা খুলোয় মেঘ উড়িয়ে আসে।  
সন্ধ্য হলো, সূর্য নামে পাটে,  
এলেম যেন জোড়াদিঘির মাঠে।

ধু ধু করে যে দিক-পানে চাই,  
কোনোখানে জনমানব নাই,  
তুমি যেন আপন মনে তাই  
ভয় পেয়েছ-ভাবছ, 'এলেম কোথা!'  
আমি বলছি, 'ভয় করো না মা গো,  
ওই দেখা যায় মরা নদীর সোঁতা।'



**Class:** চতুর্থ  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** বীরপুরুষ


### কবি পরিচিতি

**নাম:** রবীন্দ্রনাথ ঠাকুর ।

**জন্ম:** ৭ মে, ১৮৬১ খ্রিস্টাব্দে ।

**জন্মস্থান:** কলকাতার জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে ।

**ব্যক্তিত্ব:** তিনি শুধু কবি নন, কথা সাহিত্যিক, নাট্যকার, দার্শনিক, গীতিকার, সুরস্রষ্টা, চিত্রশিল্পী, সমাজসেবী ও শিক্ষাবিদ ছিলেন ।



**তার রচনা :** কবিতা, গল্প, উপন্যাস, প্রবন্ধ, নাটক । এছাড়াও তিনি বহু চিঠিপত্র লিখেছেন ।

**কাব্যগ্রন্থ:** বীরপুরুষ কবিতাটি 'শিশু' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ।

**নোবেল পুরস্কার:** তিনি ১৯১৩ খ্রিস্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার পান ।

**মৃত্যু:** ৭ আগস্ট, ১৯৪১ খ্রিস্টাব্দে ।

### সারমর্ম:

**উত্তর:** শিশুরা কল্পনা করতে ভালোবাসে । এই কবিতাটিও তেমনি এক ছোট্ট শিশুর কল্পনা । কবিতায় সে মায়ের সঙ্গে দূরদেশে যায় । পথে সে ডাকাতদের মোকাবেলা করে । বীরের মতো লড়াই করে মাকে রক্ষা করে ।

\*\* শিক্ষার্থীরা কবিতাটি পাঠ্যবই থেকে ভালোভাবে মনোযোগ দিয়ে কয়েকবার পড়বেন, সারমর্ম সহ প্রতিটি লাইনের অর্থ বোঝার চেষ্টা করবেন এবং কবিতার ১ম অংশ মুখস্থ করবেন ।

**CHT Date: 12.10.20**